

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স - ৪৪৫৭(আগরতলা০৫।০৩)

আগরতলা, ৫ মার্চ, ২০১৯

সিপাহীজলা জেলায় প্রধানমন্ত্রী শ্রমযোগী
মানধন প্রকল্পের সূচনা

আজ সিপাহীজলা জেলাভিত্তিক প্রধানমন্ত্রী শ্রমযোগী মানধন (পি এম এস ওয়াই এম) প্রকল্পের উদ্বোধন করা হয় বিশ্রামগঞ্জস্থিত মাল্টিপারপাস কমিউনিটি হলে। প্রকল্পের উদ্বোধন করেন বিধায়ক সুভাষ চন্দ্র দাস। শ্রম দপ্তরের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলাশাসক সুরেশ চন্দ্র দাস, সিনিয়র ডেপুটি ম্যাজিস্ট্রেট শংকর চক্রবর্তী, জেলা শ্রম আধিকারিক এম দেবনাথ, ই এস আই সি'র ম্যানেজার এইচ টি জন প্রমুখ। অনুষ্ঠানে জেলার বিভিন্ন মহকুমার অসংগঠিত শ্রমিকরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে জেলা শ্রম আধিকারিক এম দেবনাথ জানান, এই জেলায় গতকাল পর্যন্ত ১,৬৬৪ জন অসংগঠিত শ্রমিক এই প্রকল্পে নাম নথীভুক্ত করেছেন। আরও অসংগঠিত শ্রমিকের নাম নথীভুক্ত করা হবে।
